

সিলেটে সিপিবি-বাসদের সমাবেশে ছাত্রলীগের হামলা ও গুলি

● সেলিম-খালেকুজ্জামানসহ আহত ২৫

হতিনাথি, সিলেট

সিলেট নগরীর কোর্ট পায়েটে কমিউনিস্ট পার্টি ও বাসদের যৌথ সমাবেশে হামলা ও গুলি চালিয়েছে ছাত্রলীগ। হামলায় কমিউনিস্ট পার্টি বাংলাদেশের কেন্দ্রীয় সভাপতি মুজাহিদুল ইসলাম সেলিম ও বাসদের তমরেড খালেকুজ্জামান,

কোডে ময়লি হুমায়রা এসি. আশুতোষ খোন্দকার ও অন্তত ২৫ জন আহত হয়েছেন। আহতদের মধ্যে এসি আশুতার বোনদের অবস্থা গুরুতর বলে জানা গেছে। তিনি ওসমানী হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে রাব-পুলিশ দ্রাঘ অর্ধশত কাউন্স ফাঁকা গুলি ও রাবার বুলেট ছুড়ছে। হামলার প্রতিবাদে আজ সোমবার সিলেটে আধাবেল হরতাল আয়োজন করেছে কমিউনিস্ট পার্টি ও বাসদ। এই হরতালের প্রতি বিএনপিও সমর্থন দিয়েছে। প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, গতকাল বিকেলে ৩টা দিকে কোর্ট পায়েটে কমিউনিস্ট পার্টি ও বাসদের পূর্বনির্ধারিত জনসভা চলছিল। তখন প্রধানমন্ত্রীর সিলেট আগমনকে খাগত আনিয়ে বের হওয়া ছাত্রলীগের একটি মিছিল কোর্ট পায়েটে অতিক্রম করছিল। এই সময় মিছিল থেকে ছাত্রলীগ নেতাকর্মীরা সমাবেশে হামলা চালায়। এতে মুজাহিদুল ইসলাম সেলিম ও তমরেড খালেকুজ্জামানসহ অন্তত ২৫ জন আহত হন। হামলায় সেলিম নাম হাতে গুরুতর আঘাত পান। ছাত্রলীগ নেতাকর্মীরা এ সময় বাসদের সমাবেশ লুণ্ঠা করে গুলিও ছুড়ছে বলে

অভিযোগ পাওয়া গেছে। হামলার পর কমিউনিস্ট পার্টি ও বাসদ পুনরায় সমাবেশ করতে গেলে ছাত্রলীগ তের হামলা চালায়। এ সময় হামলা ঠেকাতে গিয়ে আহত হন কোতোয়ালি খানার এসি আশুতার আহমদ। ছাত্রলীগ নেতাকর্মীরা কোতোয়ালি খানার ওনিকে প্রথম ছুড়রা মেরে এরপর গুলি চালায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে রাব-পুলিশ অর্ধশত কাউন্স ফাঁকা গুলি ও রাবার বুলেট ছুড়েন। তবে ছাত্রলীগের সমাবেশে: পৃষ্ঠা: ১৫ ক: ৪

সমাবেশে : হামলা

(১ম পৃষ্ঠার পর)

এমন তাওরে হতবাক হয়েছে প্রত্যক্ষদর্শীরা। উপস্থিত অনেকে মত্ততা করেন কোন কারণ ছাড়াই ছাত্রলীগ সমাবেশে হামলা চালিয়েছে। ববর পেয়ে জেলা ও মহানগর আওয়ামী লীগের নেতারা হামলায় স্থল পরিদর্শন করেছেন। তবে এ ঘটনায় কাউকে আটক করা হয়নি বলে জানা গেছে।

হতিনাথি চাকায় বিক্ষোভ, রাজ্য অবরোধ

এদিকে সিলেটে কমিউনিস্ট পার্টি ও বাসদের সমাবেশে হামলার প্রতিবাদে চাকায় বিক্ষোভ, রাজ্য অবরোধ ও গাড়ি জাঙচুরের ঘটনা ঘটেছে। এর প্রতিবাদে সিপিবি কেন্দ্রীয় কার্যালয়ের সামনে মিছিল ও বিক্ষোভ করেছেন নগর নেতাকর্মীরা। এ সময় পুলিশ বিক্ষোভকারীদের কাছা দিলে ধাওয়া-পান্টা ধাওয়া হয়। এ সময় পুলিশ লাঠিচার্জ ও টিয়ারশেল নিক্ষেপ করে বিক্ষোভকারীদের সরিয়ে দেয়।

পুলিশের হতিনাথি জোনের এসি সাইফুর রহমান সাংবাদিকদের জানান, পল্টনে সিপিবি নেতাকর্মীরা জাঙচুর করছে এনে পুলিশ দ্রুত ঘটনাস্থল এনে বিক্ষোভকারীদের ধাওয়া করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ সময় বিক্ষোভকারীরা অসংখ্য গাড়ি জাঙচুর করেছে।

এদিকে বিক্ষোভকারীরা বলেন, বিকল্প শক্তির পক্ষে জনগণের ব্যাপক সমর্থন দেখে ক্রীত হয়ে সরকারদলীয় পেটোয়া বাহিনী সিলেটে আমাদের নেতাকর্মীদের ওপর হামলা চালায়। আমরা এর প্রতিবাদে শান্তিপূর্ণ কর্মসূচি পালন করতে গেলে পুলিশ বাধা দিয়ে আমাদের ওপর টিয়ারশেল নিক্ষেপ করে। এই হামলায় কয়েকজন নেতাকর্মী আহত হয়েছে বলে জানায় বিক্ষোভকারীরা।